



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আয়ম খান সরকারি কমান্স কলেজ, খুলনা

অধ্যক্ষের কার্যালয়

তারিখঃ ৩১/০৩/২০১৯ খ্রি.

২০১৭ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০১৭ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার আবেদন ফরম পূরণ নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

১। কলেজের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে পরীক্ষার আবেদন ফরম পূরণের সময় দেয় টাকার পরিমাণঃ

ক্র.নং	বিষয়	নিয়মিত ও অনিয়মিত	বিশেষ পরীক্ষার্থী	মানোন্নয়ন পরীক্ষার্থী
১	বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত ফিস	১,৬৫০/-	ডাউনলোডকৃত ফরমে উল্লিখিত পরিমাণ	ডাউনলোডকৃত ফরমে উল্লিখিত পরিমাণ
২	টিউশন ফিস (৪ × ৩০/-)	১২০/-	--	--
৩	কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-	৪৫০/-	৪৫০/-
৪	মৌখিক পরীক্ষার ফিস (কলেজের প্রাপ্য)	২৫০/-	**	**
৫	ব্যবস্থাপনা ফি	৫০/-	৫০/-	৫০/-
৬	সোনালী সেবা	৫/-	৫/-	৫/-
মোট		২,৫২৫/-		

** মৌখিক পরীক্ষা থাকলে ২৫০/- জমা দিতে হবে।

২। আবেদন ফরম সংগ্রহ ও জমা দানের তারিখঃ

ক) হিসাববিজ্ঞান বিভাগঃ ০৮/০৪/২০১৯ খ্রি. সোমবার।

খ) ব্যবস্থাপনা বিভাগঃ ০৯/০৪/২০১৯ খ্রি. মঙ্গলবার।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

** ২০১৩ - ২০১৪ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য-

ক) যে সকল পরীক্ষার্থী ২০১৪ অথবা ২০১৫ সালে পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল পরীক্ষার্থী সব পত্রে অংশগ্রহণ করবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে বা ২০১৫ সালের এক বা দুই পত্র পরীক্ষা দিয়ে পুরনায় অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থী সব পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

গ) যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালে পরীক্ষায় অংশগ্রহণ করেনি এবং ২০১৫ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থী ইচ্ছে করলে বিশেষ পরীক্ষা (এক বা একাধিক পত্রে) দিতে পারবে। এ ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা বিশেষ অন্তর্ভুক্তি ফি এবং প্রতি পত্রের ফি ৩০০/- (তিনশত) টাকা জমা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

** ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে পরীক্ষার্থীদের জন্য:

ক) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালে পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের সকল পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থী বিশেষ পরীক্ষার্থী হিসেবে এক বা একাধিক পত্রে পরীক্ষা দিতে পারবে।

গ) ২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী ২০১৭ সালের বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৫ সালের মৌখিক/ টিউটোরিয়াল পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ধরনের পরীক্ষার্থী ২০১৫ সালের পরীক্ষায় যে সকল পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু ঐ পত্রগুলোতে অংশগ্রহণ করেছে তাদের পূর্বের প্রাপ্ত নম্বর বহাল থাকবে। তবে ৪০% এর কম নম্বর থাকলে ঐ সকল পরীক্ষার্থী মৌখিক/ টিউটোরিয়াল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

** ২০১৬-১৭ শিক্ষাবর্ষে পরীক্ষার্থীদের জন্য:

ক) যে সকল পরীক্ষার্থী ২০১৬-১৭ শিক্ষাবর্ষের, তারা ২০১৭ সালে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে শুধুমাত্র মৌখিক পরীক্ষায় অনুপস্থিত ছিল, তারা ২০১৭ সালের শুধু মৌখিক পরীক্ষা দেয়ার সুযোগ পাবে। এ ক্ষেত্রে মৌখিক পরীক্ষার ফি ১০০০/- টাকা জমা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৪। পাঠ্যসূচিঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবেঃ

ক) ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস অনুযায়ী ২০১৭ সালে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৫। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীর জন্য)ঃ

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) কলেজের ক্যাশিয়ারের নিকট থেকে ফি বই এ স্বাক্ষর নিয়ে ১ নং ভবনের নীচ তলায় অবস্থিত বেসিক ব্যাংক কাউন্টারে ফিসের টাকা জমা দিতে হবে।

গ) আবেদনকারীকে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ঘ) বিশেষ পরীক্ষার্থীকে সতর্কতার সহিত নিজ দায়িত্বে পত্রকোড এন্ট্রি দিতে হবে।

ঙ) সংশ্লিষ্ট বিভাগে ফরম জমা দিতে হবে। একটি ফটোকপি পরীক্ষার্থী সংরক্ষণ করবে।

বিদ্রঃ টিউটোরিয়াল পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত কোন পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না।

প্রতিষ্ঠান

আয়ম খান সরকারি কমান্স কলেজ

আয়ম খান সরকারি কমান্স কলেজ

আয়ম খান সরকারি কমান্স কলেজ

২/৪/১৭

২/৪/১৭

২/৪/১৭

৩১/০৩/১৭

আহবায়ক

ফরম পূরণ ও চূড়ান্ত পরীক্ষা কমিটি

মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা - ২০১৭